

প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর
মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০২।	প্রধানমন্ত্রীর কার্যালয়	১	১	-	-	১	১	২০%	১	৪.১০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ১

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)	(২)	(১)	(২)
৩.১	সংস্থা হতে প্রদত্ত পিসিআর এর তথ্য অনুযায়ী দেখা যায় যে, কোন কোন অংশে ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের চেয়ে বেশী ব্যয় করা হয়েছে। এ ক্ষেত্রে ডিপিপি সংশোধন করা হয়নি। তাছাড়া অতিরিক্ত ব্যয়ের বিষয়ে যথাযথ ব্যাখ্যা পিসিআর এ উল্লেখ করা হয়নি। পরিদর্শনকালে জানা যায় যে, ডিপিইসি সভার সুপারিশের আলোকে প্রাক্কলিত ব্যয় ও সময় বৃদ্ধি করা হয়েছে। তবে ডিপিইসি সভার সুপারিশের পর তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি সংশোধন করে অনুমোদন নেয়া হয়নি। এ ধরনের অতিরিক্ত ব্যয় আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী।	৩.১	অলোচ্য প্রকল্পটি সংশোধন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া অতিরিক্ত ব্যয় করা হয়েছে যা গুরুতর আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী। বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে তদন্তপূর্বক দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে
৩.২	প্রকল্পটি প্রায় একবছর হল শেষ হয়েছে। কিন্তু পরিদর্শনকালে দেখা যায় যে, এখনও পর্যন্ত কোন কোন ইপিজেডএ স্থাপনা ভাড়া দেয়া হয়নি। আবার কোন কোন ইপিজেডএ ভাড়ার জন্য দলিলপত্র স্বাক্ষর ও ভাড়া প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী দ্রুত ফ্যাক্টরী বিল্ডিং ভাড়া দেয়া সম্ভব হলে ইপিজেডসমূহের রাজস্ব আয় বাড়বে। এ ক্ষেত্রে কিছুটা হলেও এর ব্যত্যয় ঘটেছে বলে প্রতীয়মান হয়।	৩.২	প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা ভাড়া দেয়ার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। কেন এতদিন অতিবাহিত হওয়ার পরও ভাড়া হয়নি তা মন্ত্রণালয়/সংস্থাকে খতিয়ে দেখতে হবে। এ ব্যাপারে বেপজা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতঃ বর্তমানে নির্মাণাধীন চলতি ফ্যাক্টরী বিল্ডিং প্রকল্পের ক্ষেত্রে যেন এর পুনরাবৃত্তি না ঘটে তার প্রতি দৃষ্টি দেয়া আবশ্যিক
৩.৩	প্রকল্পটির বাস্তবায়নকালীন সময় অনুযায়ী (২০১২ থেকে ডিসেম্বর ২০ ১৪) ৩ বছরে মোট ৩ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।	৩.৩	প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকা প্রয়োজন
		৩.৪	প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামোর সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে;

Construction and vertical extension of factory buildings in EPZs under
BEPZA শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৪)

সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা ইপিজেড আশুলিয়া ঢাকা, আদমজী ইপিজেড নারায়ণগঞ্জ, কর্ণফুলি ইপিজেড উত্তর পতেঙ্গা চট্টগ্রাম, চট্টগ্রাম ইপিজেড বন্দর চট্টগ্রাম, কুমিল্লা ইপিজেড, উত্তরা ইপিজেড সৈয়দপুর নীলফামারী, মংলা ইপিজেড বাগেরহাট।
- ২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়া করণ এলাকা (বেপজা)
- ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
১	২	৩	৪	৫	৬
১৮৫৫৮.৮১	১৯৩১৯.৩০	জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৪ (৩০ মাস)	জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ (৩৬ মাস)	৭৬০.৪৯ (৪.১০ %)	৬ মাস (২০%)

* আলোচ্য প্রকল্পটির উপর গত ২০/০৫/২০১৪ তারিখে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৮,৫৫৮.৮১ লক্ষ টাকা থেকে ১৯৪৭১.১০ লক্ষ টাকা বৃদ্ধি করা এবং বাস্তবায়ন কাল ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ৬ মাস বৃদ্ধি করার বিষয়ে সুপারিশ করে। কিন্তু এটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি। তাই সুপারিশের বিষয়টির গ্রহণযোগ্যতা নেই।

৫.১ প্রকল্পের পটভূমি :

বেপজার আওতায় গত তিন দশকে মোট ৮টি ইপিজেড স্থাপন করা হয়েছে। বিনিয়োগকারীদের চাহিদার কারণে ইপিজেডসমূহে কোন কারখানা ফ্লোর স্পেস খালি না থাকায় ১০০% রপ্তানীমুখী শিল্পে দেশী/বিদেশী বিনিয়োগের ধারা অব্যাহত রাখাসহ আর্থহী বিনিয়োগকারীদের জরমরী চাহিদা সংকুলান, বিদ্যমান ইপিজেডসমূহের সম্প্রসারণ বা ধারণক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৬ মার্চ ২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেপজা গভর্নর বোর্ডের ৩২তম সভায় ডিপিপি প্রণয়নের মাধ্যমে নিজস্ব অর্থায়নে ইপিজেডসমূহে বিদ্যমান অনধিক ৪তলা বিশিষ্ট কারখানা ভবনসমূহ চারতলায় উন্নীতকরণ এবং সকল ইপিজেডে ২টি করে চারতলা কারখানা ভবন নির্মাণ করার সিদ্ধান্ত হয়। বেপজা গভর্নর বোর্ডের উক্ত সিদ্ধান্ত এবং বর্ণিত প্রেক্ষাপট বিবেচনা করে ঢাকা, চট্টগ্রাম, আদমজী, কর্ণফুলী, কুমিল্লা, মংলা ও উত্তরা ইপিজেডে ০৩ শ্রেণীতে ৯৭.২৫০ বর্গমিটার কারখানা ভবন নির্মাণের জন্য প্রকল্প প্রণয়ন করা হয়।

৫.২ প্রকল্পের উদ্দেশ্য :

বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের রপ্তানী আয় বৃদ্ধি করা।

৫.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা :

প্রকল্পটি জানুয়ারী/২০১২ থেকে জুন, ২০১৪ পর্যন্ত মেয়াদে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে বাস্তবায়নের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৫.৪ প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি সম্পূর্ণ বেপজার নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী ডিসেম্বর, ২০১৪ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো : (লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
Revenue Component:					
Pay of Officers/Staffs	--	-	-	-	-
Cost of Consultants, Soil test	L.S	৭০.৭৬	-	২৭.০৮ (৩৮.২৭)	-
Repair, Maintnace etc.	-	-	-	-	-
Sub Total		৭০.৭৬	-	২৭.০৮	
Capital Component: New building construction in place of single storied old buildings:					
Construction of four storied standard factory building in place of single storied old factory building at Chittagong EPZ.	Sqm	৩৪৪৯.৬০	১৭৬০০.০০	৩৯৭৬.৭১ (১১৫.২৮)	১৮৮০০.০০ (১০৬.৮১)
Construction of four storied standard factory building in place of single storied old Pre-fab factory building at Dhaka EPZ.	Sqm	১২১৫.২০	৬২০০.০০	১১৫৫.৭১ (৯৫.১০)	৬৯৩২.৮০ (১১১.৮১)
Construction of 04 storied standard factory building in place of single storied old pre-fab factory building at Karnaphuli EPZ.	Sqm	২৯৪০.০০	১৫০০০.০০	২৭৬০.৫৫ (৯৩.৮৯)	১৫৩৯১.০০ (১০২.৬০)
Sub Total		৭৬০৪.৮০	৩৮৮০০.০০	৭৮৯২.৯৭	৪১১২৩.৮০

ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
New building construction in designated vacant places of EPZs:					
Construction of four storied standard factory building at Adamjee EPZ.	Sqm	৩৪৪৯.৬০	১৭৬০০.০০	৩৪৭৭.৭৯ (১০০.৮১)	১৮৬২৪.০০ (১০৫.৮১)
Construction of four storied standard factory building at Comilla EPZ.	Sqm	৩৪৪৯.৬০	১৭৬০০.০০	৪৫২২.৬৮ (১৩১.১০)	২৩৫০০.০০ (১৩৩.৫২)
Construction of four storied standard factory building # 03 at Uttara EPZ.	Sqm	১২১৫.২০	৬২০০.০০	৯৯২.৫৭ (৮১.৬৭)	৬৩০০.০০ (১০১.৬১)
Sub Total		৮১১৪.৪০	৪১৪০০.০০	৮৯৯৩.০৪	৪৮৪২৪.০০
Vertical extension of existing factory					
Vertical extension of 3 rd floor over existing three storied factory buildings at Comilla EPZ.	Sqm	১০৬৯.৫০	৭৭৫০.০০	৯৫৫.৭৬ (৮৯.৩৬)	৭৮৮৯.৪০ (১০১.৭৯)
Vertical extension from 1 st to 3 rd floor over existing single storied factory buildings at Mongla EPZ.	Sqm	১২৭৪.১০	৯৩০০.০০	১২৫৭.১০ (৯৮.৬৬)	৮২৫৪.০০ (৮৮.৭৫)
Sub Total		২৩৪৩.৬০	১৭০৫০.০০	২২১২.৮৬	১৬১৪৩.৪০
Solar electricity system: Supply and installation of solar electricity system at different EPZ					
Chittagong EPZ		৭৬.০০	১৬	৩৬.৫২ (৪৮.০৫)	১৬ (১০০.০০)
Dhaka EPZ		১৯.০০	৪	১২.০০ (৬৩.১৫)	৫ (১২৫.০০)
Adamjee EPZ		৭৬.০০	১৬	৩৬.৪৭ (৪৭.৯৮)	১৬ (১০০.০০)
Comilla EPZ		৯৯.৭৫	২১	৩৬.৫৭ (৩৬.৬৬)	১৩ (৬১.৯০)
Karnaphuli EPZ		৫৭.০০	১২	৩৬.৫৭ (৬৪.১৫)	১৩ (১০৮.৩৩)
Uttara EPZ		১৯.০০	৪	১২.০৩ (৬৩.৩১)	৫ (১২৫.০০)
Mongla EPZ		২৮.০০	৬	২৩.১৯ (৮২.৮২)	৬ (১০০.০০)
Total		৩৭৫.২৫	৭৯	১৯৩.৩৫	৭৭
Physical Contingency	-	-	-	-	-
Price Contingency	-	৫০.০০	-	-	-
Grand Total		১৮৫৫৮.৮১	-	১৯৩১৯.৩০ ০ (১০৪.০৯)	-

৬.১ প্রকল্পের অগ্রগতি: সম্পূর্ণ জিওবি স্ব-অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৮৫৫৮.৮১ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ১৯৩১৯.৩০ লক্ষ টাকা যা মোট ব্যয়ে ১০৪.০৯%।

৭। প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ আলোচ্য প্রকল্পের আওতায় ঢাকা ইপিজেড আশুলিয়া ঢাকা, আদমজী ইপিজেড নারায়ণগঞ্জ, কর্ণফুলি ইপিজেড উত্তর পতেঙ্গা চট্টগ্রাম, চট্টগ্রাম ইপিজেড বন্দর চট্টগ্রাম, কুমিল্লা ইপিজেড, উত্তরা ইপিজেড সৈয়দপুর নীলফামারী, মংলা ইপিজেড বাগেরহাট এ ভবন নির্মাণ করা হলেও পিসিআর মূল্যায়নের জন্য মংলা ইপিজেড, আদমজী ইপিজেড ও সৈয়দপুর ইপিজেড পরিদর্শন করা হয়েছে।

মংলা ইপিজেড অংশ : গত ০৬/০২/২০১৬ তারিখ মংলা ইপিজেড অংশ আইএমইডি এর সহকারী পরিচালক কর্তৃক প্রকল্পের যে সমস্ত নির্মাণ কাজ করা হয়েছে তার বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিভিন্ন দিক নিয়ে মতবিনিময় করা হয়। মংলা অংশ পরিদর্শনকালে প্রতী যমান হয় যে, ভবনটির ফ্লোরসমূহ এখনও ভাড়া হয়নি। দীর্ঘদিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, অতিশীঘ্রই ভাড়া হওয়ার সম্ভবনা রয়েছে। ফ্লোর এ ইনভেস্টারদের জন্য সব ধরনের সুযোগ সুবিধা রয়েছে তবে অফিস রুমসহ অন্যান্য সুযোগসুবিধার মধ্যে কনফারেন্স রুমের জন্য কোন স্পেস রাখা হয়নি। পরবর্তীতে অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে কনফারেন্স রুমের ব্যবস্থা রাখা যেতে পারে। মংলা ইপিজেডে নির্মিত ভবনের স্থির চিত্র নিম্নরূপঃ



মংলা ইপিজেড

আদমজী ইপিজেড অংশ : গত ২৩/০২/২০১৬ তারিখ আদমজী ইপিজেড অংশ সরেজমিনে পরিদর্শন করা হয় । পরিদর্শনকালীন সময়ে সংশ্লিষ্ট ইপিজেড এর মহাব্যবস্থাপক সহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। পরিদর্শনকালে জানা যায় যে, একটি ভবন বিদেশী বিনিয়োগকারীর নিকট ভাড়া দেয়া হয়েছে। অন্য ভবনটির ভাড়া র জন্য চুক্তি সম্পা দনের অপেক্ষায় রয়েছে। তবে ভবন দুটি দীর্ঘদিন ধরে খালি অবস্থায় ছিল । ভবন দু'টির কাঠের দরজা উন্নতমানের না হওয়ায় বিভিন্ন জায়গায় ফা ক হয়ে রয়েছে এবং বাথরুমের দরজাগুলি প্লাস্টিকের ভাল মানের হয়নি বলে প্রতীয়মান হয়েছে। এছাড়া ইলেকট্রিক্যাল কাজের সুইচসহ সুইচ বোর্ড গুলি নিম্নমানের বলে মনে হয়েছে। প্রকল্পের অধিকাংশ ক্রয়কার্যে উন্মুক্ত দরপদ্ধতি অনুসরণ করা হয়েছে ।

		
<p>আদমজী ইপিজেডে নির্মিত ভবনের একাংশ</p>	<p>নিম্নমানের সুইচ বোর্ড</p>	<p>কাঠের দরজা</p>

সৈয়দপুর ইপিজেড অংশ: গত ২৩/০৪/২০১৬ তারিখ সৈয়দপুর ইপিজেড অংশ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে সংশ্লিষ্ট ইপিজেড কর্তৃপক্ষ উপস্থিত থেকে পরিদর্শনকাজে সহায়তা করেন। এ ফ্যাক্টরী বিল্ডিং এর জন্য মোট বরাদ্দ ছিল ১২১৫.২০ লক্ষ টাকা যার মধ্যে ব্যয় করা হয়েছে ৯৯২.৫৭ লক্ষ টাকা। অর্থাৎ মোট বরাদ্দের চেয়ে ২২২.৬৩ লক্ষ টাকা কম খরচ করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, ভবনটি নির্মাণের পর পরই এভার গ্রীন নামক বিদেশী কোম্পানীর নিকট তিন বছরের জন্য সম্পূর্ণ ভবনটি ভাড়া দেওয়া হয়েছে। ভবনের প্রতি বর্গমিটার এর মাসিক ভাড়া ২.৭৫ ডলার। এ ইপিজেড এলাকায় পর্যাপ্ত শ্রমিক পাওয়া যায় বিধায় কোন ফ্যাক্টরী বিল্ডিং খালি নেই। সহজে শ্রমিক পাওয়ার জন্য এ ইপিজেডে বিদেশী ইন্ভেস্টরদের ফ্যাক্টরী বিল্ডি ভাড়া ও লীজ নেয়ার চাহিদা বেশী বলে পরিদর্শনকালে জানা যায় । তাছাড়া সম্পূর্ণ ইপিজেড ঘুরে দেখা যায় যে এখানে ইন্ভেস্টরদের জন্য সব ধরনের সুযোগ সুবিধা রয়েছে। বিল্ডিং নির্মাণের সাথে সাথে ভবন থেকে রাজস্ব আয় হওয়ার এ ইপিজেড এর ফ্যাক্টরী বিল্ডিংটি নির্মাণের উদ্দেশ্য সফল হয়েছে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়।



সৈয়দপুর ইপিজেডে নির্মিত ভবন

৯.১ প্রকল্পের ব্যবস্থাপনা :

নিম্নোক্ত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালক হিসেবে বিভিন্ন মেয়াদে দায়িত্ব পালন করেন:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম	অবস্থানকাল		মন্তব্য
		৩	৪	
১.	জনাব মোঃ শাহ আলম সরকার, প্রধান প্রকৌশলী	০৮.০২.২০১২	০১.০৪.২০১৩	
২.	জনাব মোঃ হাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী	০২.০৪.২০১৩	০৪.০৮.২০১৩	
৩.	জনাব এস.এস. কিবরিয়া, প্রধান প্রকৌশলী	০৫.০৮.২০১৩	৩১.১২.২০১৪	

১০। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের রপ্তানী আয় বৃদ্ধি করা।	বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের রপ্তানী আয় বৃদ্ধি পেয়েছে। তবে প্রভাব মূল্যায়নের মাধ্যমে বিস্তারিত জানা যাবে।

১১। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয় না কারণ মংলা ইপিজেডে নির্মিত ভবনটি এখনও ভাড়া না হওয়ায় উক্ত ভবন হতে রাজস্ব আদায় হচ্ছে না এবং সেখানে কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি হয়নি। এছাড়া প্রকল্পের উদ্দেশ্য মোতাবেক উক্ত নির্মিত ভবনটি রপ্তানী আয় বৃদ্ধিতে কোন ভূমিকা রাখছে না।

১২। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের মাধ্যমে প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজটি পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/লট থাকায় Random Selection এর মাধ্যমে কয়েকটি প্যাকেজ/লটের ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়।

প্যাকেজ নং-০৬ (Construction of 04 storied standard factory building #03 at Adamjee

EPZ): ৬নং প্যাকেজের বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে ২০/১১/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়।

দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ১১/০২/২০১৩ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ০৫/০৫/২০১৪ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও তা ২৫/১২/২০১৪ তারিখে সম্পন্ন করা হয় অর্থাৎ চুক্তিতে উল্লেখিত মেয়াদের চেয়ে ৭ মাস সময় বেশী লেগেছে।

প্যাকেজ নং-০৭ (Construction of 04 storied standard factory building #04 at Adamjee EPZ): ৭নং প্যাকেজের বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে ০৬/১১/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ১০/০২/২০১৩ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ০১/০৭/২০১৪ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও তা ২৫/১২/২০১৪ তারিখে সম্পন্ন করা হয় অর্থাৎ চুক্তিতে উল্লেখিত মেয়াদের চেয়ে ৫ মাস সময় বেশী লেগেছে।

প্যাকেজ নং-১০ (Construction of 04 storied standard factory building #03 at Uttara EPZ): ১০নং প্যাকেজের বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে ২৩/০১/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ১৪/০৫/২০১২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ০৫/০৮/২০১৩ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও তা ০৩/১১/২০১৩ তারিখে সম্পন্ন করা হয় অর্থাৎ চুক্তিতে উল্লেখিত মেয়াদের চেয়ে ৩ মাস সময় বেশী লেগেছে।

প্যাকেজ নং-১৬ (Construction of first to third floor of standard factory building #02 at Mongla EPZ): ১৬নং প্যাকেজের বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে ০২/০৫/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ০১/০৮/২০১২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ২৮/০৪/২০১৩ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও তা ২৩/১১/২০১৩ তারিখে সম্পন্ন করা হয় অর্থাৎ চুক্তিতে উল্লেখিত মেয়াদের চেয়ে ৭ মাস সময় বেশী লেগেছে।

প্যাকেজ নং-১৭ (Construction of first to third floor of standard factory building #03 at Mongla EPZ): ১৭ নং প্যাকেজের বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে ২৪/০৬/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ২৭/০৮/২০১২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ২৫/০৫/২০১৩ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও তা ২৩/১১/২০১৩ তারিখে সম্পন্ন করা হয় অর্থাৎ চুক্তিতে উল্লেখিত মেয়াদের চেয়ে ৬ মাস সময় বেশী লেগেছে।

১৩। অডিটঃ

পিসিআর এর তথ্য অনুযায়ী দেখা যায় যে , কয়েকটি ইপিজেড এ অডিট সম্পন্ন করা হয়েছে। যে সকল ইপিজেড এ এখনও পর্যন্ত অডিট সম্পন্ন করা হয়নি সে সকল ইপিজেড এ দ্রুত অডিট সম্পন্ন করতে হবে।

১৪। পর্যবেক্ষণ/সমস্যা :

১৪.১ ডিপিপি'র সংস্থানের চেয়ে বেশী ব্যয় করা :

সংস্থা হতে প্রদত্ত পিসিআর এর তথ্য অনুযায়ী দেখা যায় যে, কোন কোন অংশে ডিপিপি 'র প্রাক্কলিত ব্যয়ের চেয়ে বেশী ব্যয় করা হয়েছে। এ ক্ষেত্রে ডিপিপি সংশোধন করা হয়নি। তাছাড়া অতিরিক্ত ব্যয়ের

বিষয়ে যথাযথ ব্যাখ্যা পিসিআর এ উল্লেখ করা হয়নি। পরিদর্শনকালে জানা যায় যে, ডিপিইসি সভার সুপারিশের আলোকে প্রাক্কলিত ব্যয় ও সময় বৃদ্ধি করা হয়েছে। তবে ডিপিইসি সভার সুপারিশের পর তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি সংশোধন করে অনুমোদন নেয়া হয়নি। এ ধরনের অতিরিক্ত ব্যয় আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী।

- ১৪.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) : মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ২ বছর ৯মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ৬ মাস বেশী। ২ বছর ৬ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পে ২০% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।
- ১৪.৩ প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা ভাড়া না হওয়া : প্রকল্পটি প্রায় একবছর হল শেষ হয়েছে। কিন্তু পরিদর্শনকালে দেখা যায় যে, এখনও পর্যন্ত কোন কোন ইপিজেডএ স্থাপনা ভাড়া দেয়া হয়নি। আবার কোন কোন ইপিজেডএ ভাড়ার জন্য দলিলপত্র স্বাক্ষর ও ভাড়া প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী দ্রুত ফ্যাক্টরী বিল্ডিং ভাড়া দেয়া সম্ভব হলে ইপিজেডসমূহের রাজস্ব আয় বাড়বে। এ ক্ষেত্রে কিছুটা হলেও এর ব্যত্যয় ঘটেছে বলে প্রতীয়মান হয়।
- ১৪.৪ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটির বাস্তবায়নকালীন সময় অনুযায়ী (২০১২ থেকে ডিসেম্বর ২০ ১৪) ৩ বছরে মোট ৩ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

সুপারিশ :

- ১৫.১ অলোচ্য প্রকল্পটি সংশোধন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া অতিরিক্ত ব্যয় করা হয়েছে যা গুরুতর আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী। বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে তদন্তপূর্বক দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ-১৪.১)।
- ১৫.২ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেতন থাকবে হবে (অনুচ্ছেদ-১৪.২)।
- ১৫.৩ প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনা ভাড়া দেয়ার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। কেন এতদিন অতিবাহিত হওয়ার পরও ভাড়া হয়নি তা মন্ত্রণালয়/সংস্থাকে খতিয়ে দেখতে হবে। এ ব্যাপারে বেপজা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতঃ বর্তমানে নির্মাণাধীন চলতি ফ্যাক্টরী বিল্ডিং প্রকল্পের ক্ষেত্রে যেন এর পুনরাবৃত্তি না ঘটে তার প্রতি দৃষ্টি দেয়া আবশ্যিক (অনুচ্ছেদ-১৪.৩)।
- ১৫.৪ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেতন থাকা প্রয়োজন (অনুচ্ছেদ-১৪.৪)।
- ১৫.৫ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামোর সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে;
- ১৫.৬ প্রকল্পের আওতায় প্রক্রিয়াধীন External Audit যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।
- ১৫.৭ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৫.১-১৫. ৬ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।